



ST. LAWRENCE HIGH SCHOOL
A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION



Study Material – 2

Subject: Bengali

শ্রেণী নবম

Date: 05-May-20

পাঠ - ধীবর-বৃত্তান্ত কালিদাস - তরজমা সত্যনারায়ণ চক্রবর্তী

লেখক পরিচিতি:

কালিদাসের ব্যক্তিগত জীবন ও আবির্ভাব কাল নিয়ে বিশেষ কিছু জানা যায় না। উজ্জয়িনী কলিঙ্গ এমনকি কাশ্মীরকেও তার জন্মস্থান হিসেবে ভাবা হয়। কবি সম্পর্কে কিংবদন্তী আছে যে প্রথম জীবনে যথেষ্ট বুদ্ধিমান না হলেও পরবর্তীকালে সরস্বতীর কৃপায় তার প্রতিভার বিকাশ ঘটে। বিক্রমাদিত্যের নবরত্ন সভার অন্যতম রত্ন ছিলেন কালিদাস। রামায়ণ মহাভারত পুরান ছন্দ অলঙ্কার বেদ সব বিষয়ে কালিদাসের প্রবল ছিল তিনি প্রায় ৩০ প্রকারের ছন্দ ব্যবহার করেছেন। নর-নারীর সম্পর্কই তাঁর রচনার প্রধান উপকরণ।

বিষয় সারসংক্ষেপ:

রাজার নাম লেখা আংটি রাখার অপরাধে এক ধীবরকে ধরে নিয়ে আসেন রাজ শ্যালক এবং রক্ষীরা। ধীবর চুরি করেনি একথা বলার পরও রক্ষীরা তাকে তীব্র ব্যঙ্গ বিদ্রুপ করে এমনকি তার জীবিকা নিয়ে ব্যঙ্গ করতে ছাড়ে না। এর তীব্র প্রতিবাদ করে ধীবর। সে জানায় যে রুই মাছ টুকরো করে কাটার সময়ে তার পেটের থেকে আংটিটা পেয়েছে। সে আংটি বিক্রির করার সময় ধরা পড়ে যায়। রাজ শ্যালক পুরো ঘটনা মহারাজকে জানাতে যান। রক্ষীরা উৎসুক হয়ে পড়ে ধীবরকে শাস্তি দেওয়ার জন্য। কিন্তু শ্যালক ফিরে এসে ধীবরের বক্তব্য সত্য বলে জানিয়ে তাকে ছেড়ে দিতে বলেন। শুধু তাই নয় মহারাজ আংটির সমপরিমাণ মূল্য তাকে দিয়েছেন বলে জানান। আংটির কথা শুনে রাজা যে বিহ্বল হয়ে পড়েন সেকথাও রাজ শ্যালক বলতে ভোলেন না। তিনি ধীবর কে তাদের বন্ধু হিসেবে গ্রহণ করেন।

শব্দার্থ:

অন্যমনা - অন্যমনস্ক

অভিশাপ - অমঙ্গল নির্দেশক বাক্য

স্মারক - মনে করিয়ে দেয় এমন চিহ্ন, স্মৃতিচিহ্ন

সমীপে - নিকটে

মণিখচিত - রত্ন দিয়ে শোভিত

শক্রাবতার - শক্রতীর্থ ঘাট

পূর্বাপার - আগে পরে

বড়শি - মাছ ধরার জন্য ব্যবহৃত ছুঁচালো ধাতব বস্তু

জীবিকা - জীবনধারণের পেশা

বেদজ্ঞ - বেদ বিষয়ে জ্ঞানী

যজ্ঞীয় - যজ্ঞে লাগে এমন

অবসর - ছুটি

শূল - বর্ষাজাতীয় অস্ত্র

পারিতোষিক - পুরস্কার

বিহ্বল - অভিভূত

সংক্ষিপ্ত ব্যাখ্যা ধর্মী প্রশ্নাবলী:

১/"... আমার হাত দুটো (এখনই) নিশপিশ করছে।"- বক্তার হাত দুটো কীসের জন্য নিশপিশ করছে?

উঃ হত্যার আগে ধীবরের গলায় পরানোর জন্য ফুলের মালা গাঁথতে প্রথম রক্ষীর হার নিশপিশ করছিল।

২/"প্রভু, আজ আমার সংসার চলবে কীভাবে?" – ধীবরের এই সমস্যা কীভাবে মিটেছিল?

উঃ মহারাজা খুশি হয়ে আংটির সমপরিমাণ অর্থ ধীবরকে দেওয়ায় ধীবরের সংসার চালানোর সমস্যা মিটে যায়।

৩/"আপনারা অনুগ্রহ করে শুনুন।"- কোন কথা বক্তা শোনাতে চেয়েছে?

উঃ ধীবর নগররক্ষীদের কাছে নিজের পরিচয় এবং কীভাবে সে রাজার আংটি পেয়েছে সে কথা শোনাতে চেয়েছে।

৪/"ব্যাটা বাটপাড়, আমরা কি তোর জাতির কথা জিজ্ঞাসা করেছি" – বক্তা আসলে কোন কথা জিজ্ঞাসা করেছিল?

উঃ বক্তা দ্বিতীয় রক্ষী আসলে জানতে চেয়েছিলে মণিখচিত রাজার নাম খোদাই করা আংটি ধীবর কোথায় পেয়েছে।

৫/ 'ধীবর-বৃত্তান্ত' নাটকটি কার লেখা এই নাটকের শকুন্তলার দূষণের বিবাহ সংক্রান্ত বিষয়টি আলোচনা করো এবং দুর্বাসা কেন শকুন্তলাকে অভিশাপ দিয়েছিলেন ঘটনাটি লেখ।

উঃ ধীবর-বৃত্তান্ত নাটকটি মহাকবি কালিদাসের লেখা।

নাটকটিতে শকুন্তলা ও দুঃস্বপ্নের বিবাহের সংক্ষিপ্ত বর্ণনা দেওয়া হয়েছে। দেখা যায় তপবনে মহর্ষি কর্ণের অনুপস্থিতিতে শকুন্তলাকে রাজা দুঃস্বপ্ন বিবাহ করে রাজধানীতে ফিরে যান। দীর্ঘ সময় অতিবাহিত হওয়ার পরও কোনো দূত শকুন্তলার খোঁজ নিতে আসেনি। এদিকে শকুন্তলা তখন স্বামীর চিন্তায় অন্যমনস্ক হয়ে থাকেন সর্বক্ষণ।

শকুন্তলার যখন স্বামীর চিন্তায় অন্যমনস্ক হয়ে রয়েছেন তখন ঋষি দুর্বাসা তপবনের প্রবেশ করেন। তার আগমন শকুন্তলা টের না পাওয়ায় দুর্বাসা খুব অপমানিত বোধ করেন এবং রাগে অপমানে তখন তিনি শকুন্তলাকে অভিশাপ দিলেন।

৬/রাজসভায় শকুন্তলার দুঃস্বপ্নের দেওয়া আংটি টি দেখাতে পারেনি কেন সেটি কীভাবে পাওয়া গিয়েছিল?

উঃ রাজসভায় শকুন্তলা রাজা দুঃস্বপ্নের দেওয়া আংটি কে দেখাতে পারেনি কারণ শচী তীর্থে স্নানের সময় হাত থেকে তার আংটি খুলে পড়ে যায়। সেই আংটি একটি রুই মাছের পেটের মধ্যে পাওয়া যায়। আংটি পেয়েছিল এক ধীবর।

৭/আংটি পাওয়ার পর ধীবরের কি অবস্থা হয়েছিল লেখ। অবশেষে সে কার বন্ধু হয়ে উঠেছিল?

উঃ ধীবরের কাছে আংটি পাওয়ায় ধীবর কে রাজার দুই রক্ষী চোর বলে নিয়ে আসেন। ধীবর তাদের অনেকবার আংটি পাওয়ার ঘটনা বলার চেষ্টা করে। কিন্তু তারা সেদিকে কণ্ঠপাত করেনি। অবশেষে ধীবর রাজার কাছে গিয়ে আংটি সংক্রান্ত ঘটনাটি খুলে বলে। ধীবরের বক্তব্য সত্য বলে প্রমাণিত হলে, মহারাজ খুশি হয়ে তাকে আংটির মূল্যের সমান অর্থ প্রদান করেন। অবশেষে এই ধীবর রাত শ্যালকের বন্ধু হয়ে উঠেছিল।

৮/"মহারাজ এ সংবাদ শুনে খুশি হবেন" - কোন সংবাদ শুনে মহারাজের খুশি হওয়ার কথা বলা হয়েছে?

উঃ মহারাজ দুঃস্বপ্নের আংটি উদ্ধার করার কথা শুনে রাজা খুশি হবেন বলে রক্ষীরা মন্তব্য করেছেন।

Teacher's Name: Antara Ghosh